সংবাদ

তারিখ ... 27 MAY 2003

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ......

### পরিবহন খাতের বরাদ্দ সবচেয়ে বেশি

# বাজেট বরাদ্দে শিক্ষা আর এক নম্বরে নেই

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** বাজেট বরাদ্দে শিক্ষা খাত এখন আর এক নম্বরে নেই। চলতি ২০০২-২০০৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অভ্যন্তরীণ সম্পদে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ ছিল। তবে পরিবহন খাতে প্রকল্প সাহায্যের পরিমাণ সর্বোচ্চ হওয়ায় মোট বরাদ্দে শিক্ষা খাত এক নম্বর না হয়ে সর্বোচ্চ বরাদ্দ পরিবহন খাতে হয়েছে। ইতোমধ্যে সংশোধিত এডিপিতে শিক্ষা খাতের বরাদ্দ ৩শ' ৯৮ কোটি টাকা কমিয়ে দেয়া হয়েছে।

সম্প্রতি প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় এ তথ্য তুলে ধরা হয়েছে।

বর্তমানে ৪ দলীয় জোট সরকার ঢাক-ঢোল পিটিয়ে প্রচার করছে যে, বর্তমান সরকারের উন্নয়ন প্রচেষ্টার প্রধান লক্ষ্য দারিদ্র্য বিমোচন। দারিদ্র্য বিমোচনের প্রধান কৌশল হচ্ছে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা। এ লক্ষ্যে সব সরকারের আমলেই শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ ছিল। বর্তমানে ক্ষমতাসীন ৪ দলীয় জোট সরকারের আমলে ২০০২-২০০৩ অর্থবছরের এডিপিতে শিক্ষা খাতে স্থানীয় মুদ্রায় সর্বোচ্চ বরাদ্দ রাখা হয়েছিল। তবে প্রকল্প সাহায্যের পরিমাণ বেশি হওয়ায় পরিবহন খাতের বরাদ্দ এক নম্বরে ওঠে এসেছে। শিক্ষা খাতের বরাদ্দ এখন দুই নম্বরে।

গুরুত্বের দিক দিয়ে ৩, ৪ ও ৫ নম্বরে বরাদ্দকৃত খাতগুলো হচ্ছে যথাক্রমে- বিদ্যুৎ, পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান এবং স্বাস্থ্য, জনসংখ্যা ও পরিবার কল্যাণ।

২০০২-২০০৩ অর্থবছরে মূল এডিপিতে শিক্ষা খাতে স্থানীয় মুদ্রায় বরাদ্দ ছিল ১ হাজার ৮শ' ৯৮ কোটি টাকা। শিক্ষা খাতে প্রকল্প সাহায্যের ১ হাজার ৫২ কোটি টাকাসহ মোট বরাদ্দ ছিল ২ হাজার ৯শ' ৫০ কোটি টাকা। সংশোধিত এডিপিতে শিক্ষা খাতের বরাদ্দ ১৫ শতাংশ হ্রাস করে স্থানীয় মুদ্রায় ১ হাজার ৭শ' ১৬ কোটি টাকা এবং ৮শ' ৩৬ কোটি টাকার প্রকল্প সাহায্যসহ মোট বরাদ্দ করা হয়েছে ২ হাজার ৫শ' ৫২ কোটি টাকা।

চলতি বছরের মূল এডিপিতে স্থানীয় মুদ্রায় ১ হাজার ৭শ' ৪২ কোটি টাকা এবং প্রকল্প সাহায্যে ১ হাজার ৭শ' ৪৪ কোটি টাকাসহ পরিবহন খাতে মোট বরাদ্দ ছিল ৩ হাজার ৪শ' ৮৬ কোটি টাকা। সংশোধিত এডিপিতে নেই ঃ পৃঃ ২ কঃ ১

### নেই ঃ এক নম্বরে

( ১ম পৃষ্ঠার পর )

পরিবহন খাতে স্থানীয় মুদ্রায় ১ হাজার ৭শ' ১০ কোটি এবং প্রকল্প সাহায্যের ১ হাজার ৩শ' ৩৬ কোটি টাকা বরাদ্দ (মোট ৩ হাজার ৪৬ কোটি) করা হয়েছে।

চলতি বছরের মূল এডিপিতে বিদ্যুৎ খাতে ২ হাজার ২শ' ৭৫ কোটি টাকা বরাদ্দ ছিল। সংশোধিত বাজেটে এ বরাদ্দ বাড়িয়ে ২ হাজার ৩০৫ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।

চলতি বছরের মূল এডিপিতে পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে ১ হাজার ৭শ' ২০ কোটি টাকা এবং স্বাস্থ্য জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে ১ হাজার ৮শ' ১২ কোটি টাকা বরাদ্দ ছিল। সংশোধিত এডিপিতে এ দু'টি খাতে বরাদ্দ কমানো হয়েছে। সংশোধিত এডিপিতে পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান খাতে ১ হাজার ৬শ' ৭৩ কোটি এবং স্বাস্থ্য জনসংখ্যা ও পরিবার কল্যাণ খাতে ১ হাজার ৫শ' ৪৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।